# বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩

## বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

### উপজেলা পরিসংখ্যান কার্যালয়

### রামগঞ্জ, লক্ষ্মীপুর

## উপদেষ্টা :

জনাব মোহাম্মদ ওয়াহিদুর
যুগ্মপরিচালক (অ.দা.)
বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়
চট্টগ্রাম

## সার্বিক তত্ত্বাবধানে :

জনাব গৌতম কৃষ্ণ পাল
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
জেলা পরিসংখ্যান কার্যালয়
লক্ষ্মীপুর

## সম্পাদনা পরিষদ

| ক্রমিক নং | নাম ও পদবি | কর্মস্থল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ০১ | জনাব গৌতম কৃষ্ণ পাল<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (অ.দা.) | উপজেলা পরিসংখ্যান কার্যালয়<br>রামগঞ্জ, লক্ষ্মীপুর | আহ্বায়ক |
| ০২ | জনাব মোহাম্মদ হোসেন<br>চেইনম্যান | উপজেলা পরিসংখ্যান কার্যালয়<br>রামগঞ্জ, লক্ষ্মীপুর | সদস্য |
| ০৩ | জনাব মো. নূর নবী<br>পরিসংখ্যান তনন্তকারী | উপজেলা পরিসংখ্যান কার্যালয়<br>রামগঞ্জ, লক্ষ্মীপুর | সদস্য-সচিব |

**প্রকাশকাল :** ০১ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.



## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুদূরপ্রসারী চিন্তা ও দিক-নির্দেশনায় ১৯৭৪ সালের আগস্ট মাসে বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে থাকা ৪টি পরিসংখ্যান অফিস যথা পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন 'পরিসংখ্যান ব্যুরো', কৃষি মন্ত্রণালয়ের অধীন 'কৃষি পরিসংখ্যান ব্যুরো' ও 'কৃষি শুমারি কমিশন' এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন 'আদমশুমারি কমিশন'-কে একীভূত ও পুনর্বিন্যস্ত করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (Bangladesh Bureau of Statistics) প্রতিষ্ঠা করা হয়।

**গৌতম কৃষ্ণ পাল**
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
জেলা পরিসংখ্যান কার্যালয়
লক্ষ্মীপুর
ও
রামগঞ্জ উপজেলা কার্যালয়ের
উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (অ.দা).



# মুখবন্ধ

তথ্য ভিত্তিক ও টেকসই উন্নয়ন পরিকল্পনা একটি দেশের সার্বিক উন্নয়নের চাবিকাঠি। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর হাত ধরে জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো গঠিত হবার পর থেকেই দেশের শিক্ষা, স্বাস্থ্য, অর্থনীতি, জনমিতি, কৃষি, নারী উন্নয়ন, মানবসম্পদ, পরিবেশ ইত্যাদি ক্ষেত্রে সময়োপযোগী পরিকল্পনা প্রণয়ন ও উন্নয়ন গবেষণার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো অফিসিয়াল পরিসংখ্যান সরবরাহ করে আসছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ কর্তৃক ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মানে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন শুমারি ও জরিপ কার্যক্রমসমূহ বর্তমানে ডিজিটাল ডিভাইস (মোবাইল ট্যাব) ব্যবহার করে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে তথ্য সংগ্রহের কার্যক্রম পরিচালিত হচ্ছে।

বার্ষিক প্রতিবেদন উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর-এর একটি নিয়মিত প্রকাশনা। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র আওতাধীন উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর-এর যাবতীয় কর্মকান্ডের সমন্বয়ে এ প্রতিবেদন প্রকাশিত হচ্ছে। এ ধরণের উদ্যোগ জনগণের কাছে সরকারের স্বচ্ছতা ও জবাবদিহিতা সুনিশ্চিত করে থাকে।

জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বিবিএস-এর আওতাধীন উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর বিভিন্ন শুমারির পাশাপাশি জনমিতি, জনস্বাস্থ্য, সামাজিক, অর্থনৈতিক, কৃষি, শিল্প, ব্যবসা-বাণিজ্য, পরিবেশ, জলবায়ু পরিবর্তন, দুর্যোগ, প্রভৃতি জরিপের তথ্য উপাত্ত সংগ্রহ, সংকলন ও প্রেরণ করে আসছে। দেশের পঞ্চবার্ষিক পরিকল্পনা, রুপকল্প ২০৪১, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি), ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ প্রভৃতির বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণে সঠিক ও নির্ভুল পরিসংখ্যানের বিকল্প নেই। কোভিড-১৯ জনিত প্রতিকূল পরিবেশ থাকা সত্ত্বেও এ ধরনের গুরুত্বপূর্ণ কাজে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর নিরলসভাবে কাজ করে আসছে। পরিসংখ্যান কার্যক্রমের উন্নয়নে এদেশের পরিকল্পনাবিদ, গবেষক, অর্থনীতিবিদ, পরিসংখ্যানবিদ, সমাজবিজ্ঞানী ও উন্নয়নকর্মীসহ সংশ্লিষ্ট অংশীজনের সাথে মতবিনিময়ের মাধ্যমে পারস্পরিক অংশীদারিত্বের মাধ্যমে সময়োপযোগী ও তথ্য প্রযুক্তি নির্ভর পরিসংখ্যান প্রস্তুত করার বিষয়টিকে অগ্রাধিকার দেয়া হচ্ছে।

বর্তমানে পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের প্রত্যক্ষ দিক নির্দেশনায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক সম্পাদিত কার্যাবলী আন্তর্জাতিক অঙ্গানে প্রশংসিত হচ্ছে । এজন্য মাননীয় পরিকল্পনামন্ত্রী, মাননীয় পরিকল্পনা প্রতিমন্ত্রী, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র সকল কর্মকর্তা ও কর্মচারী এবং শুভানুধ্যায়ীদের প্রতি আমি আন্তরিকভাবে কৃতজ্ঞতা প্রকাশ করছি। এছাড়াও প্রতিবেদন তৈরির সাথে জড়িত কর্মচারীবৃন্দকে অত্যন্ত নিষ্ঠা ও নিরলস পরিশ্রমের মাধ্যমে কাজটি সম্পন্ন করার জন্যও ধন্যবাদ জ্ঞাপন করছি।

**০১ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.**

**গৌতম কৃষ্ণ পাল**

# সূচিপত্র

১. বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) ---------------------------------------------------------------------------------৫

২. উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর-এর সাংগঠনিক কাঠামো: ------------------------------------------- ৬

৩. বিবিএস-এর সাংগঠনিক কাঠামোতে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর -এর অবস্থান:------------------ ৬

৪. উপজেলা পরিসংখ্যান অফিস, রামগঞ্জ, লক্ষ্মীপুর-এর জনবল (৩০ জুন, ২০২৩ খ্রি. তারিখে): -----------------------------৭

৫. উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর-এর সাধারণ (GENERAL) কার্যাবলি: ----------------------------৭

৬. শুমারি ও জরিপ সংক্রান্ত কার্যক্রমে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর-এর ভূমিকা:---------------------- ৮

৭. উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর-এর সার্বিক সহযোগিতায় বিবিএস কর্তৃক প্রকাশিত উল্লেখযোগ্য রিপোর্টসমূহ: ------------------------------------------------------------------------------------------------৯

৮. ২০২২-২৩ অর্থবছরের উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ:-- ১০

৯. কর্মকর্তা/কর্মচারীদের পরিচিতি: -------------------------------------------------------------------------------- ১১

১০. কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব:----------------------------------------------------------------------------------- ১১

১১. আইন ও বিধি: ------------------------------------------------------------------------------------------------ ১২

১২. নাগরিকের তথ্য অধিকার নিশ্চিত করার জন্য প্রদত্ত সুবিধাদির বিবরণ:--------------------------------------------- ১২

১৩. জাতীয় পরিসংখ্যান দিবস উদযাপন:--------------------------------------------------------------------------- ১২

১৪. অভ্যন্তরীণ প্রশিক্ষণ: ----------------------------------------------------------------------------------------১৩

১৫. তথ্য প্রদানকারী কর্মকর্তা, বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা ও আপীল কর্মকর্তা:--------------------------------------১৩

১৬. উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর-এর বিভিন্ন গুরুত্বপূর্ণ কার্যক্রমের কিছু আলোকচিত্র:---------------- ১৪

## ১.বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

### পটভূমি :

পরিসংখ্যান কোনো একটি দেশের আর্থ-সামাজিক অবস্থা, অগ্রগতি ও বৈষম্যের চিত্র তুলে ধরে। সে লক্ষ্য ১৯৭১ সালের মহান স্বাধীনতা সংগ্রামের পর বাংলাদেশের সঠিক পরিকল্পনা প্রণয়ন, উন্নয়ন ও অগ্রগতি পর্যবেক্ষণে পরিসংখ্যানের সম্যক গুরুত্ব উপলব্ধি করা হয়। ফলশ্রুতিতে, বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুদূরপ্রসারী চিন্তাধারা এবং দিক-নির্দেশনায় ১৯৭৪ সালের আগস্ট মাসে বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে থাকা ৪টি পরিসংখ্যান অফিস (পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন 'পরিসংখ্যান ব্যুরো', কৃষি মন্ত্রণালয়ের অধীন 'কৃষি পরিসংখ্যান ব্যুরো' ও 'কৃষি শুমারি মিশন' এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন 'আদমশুমারি কমিশন')-কে একীভূত করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) প্রতিষ্ঠা করা হয়। পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশের ক্ষেত্রে কোন সমন্বিত আইন, বিধি বা নীতিমালা না থাকায় কিছু আদেশ ও পরিপত্রের মাধ্যমে পূর্বে বিবিএস-এর কাজ পরিচালিত হতো। ২০১৩ সালের ২৭ ফেব্রুয়ারি পরিসংখ্যান আইন মহান জাতীয় সংসদে পাশ হওয়ার মধ্য দিয়ে বিবিএস সত্যিকার অর্থে একটি আইনগত ভিত্তি পেয়েছে। উক্ত আইনের ৬ ধারা অনুযায়ী আইন পাশের পর একই বছর ০৩ মার্চ তারিখে গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে বিবিএস-এর ইতিহাসে একটি নতুন অধ্যায় সূচনা করেছে। এটি দেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে কাজ করছে।

### বিবিএস-এর ভিশন

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ও জনকল্যাণে আধুনিক পদ্ধতিতে পরিসংখ্যান প্রস্তুত এবং উন্নত তথ্য প্রযুক্তির মাধ্যমে তা বিশ্লেষণ, সংরক্ষণ ও প্রকাশ এবং জাতীয় পরিসংখ্যান প্রতিষ্ঠান হিসেবে স্থানীয় ও আন্তর্জাতিকভাবে প্রতিষ্ঠা লাভ।

### বিবিএস-এর মিশন

- স্মার্ট বাংলাদেশ বিনির্মানে সঠিক ও মানসম্মত এবং সময়োপযোগী উন্নত তথ্য প্রযুক্তি নির্ভর পরিসংখ্যান প্রস্তুত;
- দেশের উন্নয়ন ও পরিকল্পনা প্রণয়নে বিভিন্ন মন্ত্রণালয় এবং নীতি নির্ধারক, পরিকল্পনাবিদ, গবেষক এবং সরকারী ও বেসরকারি বিশ্ববিদ্যালয়, এনজিও, বিভিন্ন উন্নয়ন সংস্থা, আন্তর্জাতিক সংস্থা, মিডিয়া, ও সিদ্ধান্ত গ্রহণকারীদের চাহিদা মোতাবেক উপাত্ত পরিবেশন;
- প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি;
- পেশাদারিত্ব প্রতিষ্ঠা।

## ২. উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর-এর সাংগঠনিক কাঠামো:

**পরিসংখ্যান কর্মকর্তা (এসও)/উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (ইউএসও) - ০১ জন**

**Statistical Officer (SO)/Upazilla Statistical Officer (USO) - 01**

↓

**পরিসংখ্যান তদন্তকারী (এসআই) - ০১ জন**

**Statistical Investigator (SI) - 01**

↓

**জুনিয়র পরিসংখ্যান সহকারী (জেএসএ) - ০২ জন**

**Junior Statistical Assistant (JSA) – 02**


↓

**চেইনম্যান - ০১ জন**

**Chainman - 01**

*** সর্বমোট = ০৫ জন (Total = 05)**

## ৩. বিবিএস-এর সাংগঠনিক কাঠামোতে উপজেলা পরিসংখ্যান অফিস রামগঞ্জ, লক্ষ্মীপুর-এর অবস্থান:



পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সৃষ্টির পর হতে দেশের পরিসংখ্যান কার্যক্রমে আরো গতি সঞ্চার হয়েছে। ইতোমধ্যে বিবিএসকে শক্তিশালী করার যে প্রস্তাব সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে তা সফলভাবে বাস্তবায়নের কার্যক্রম হাতে নেয়া হয়েছে। ফলে, দেশের পরিসংখ্যানের ক্ষেত্রে নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে। এ প্রেক্ষিতে অধিকতর মানসম্পন্ন তথ্য ও উপাত্ত দ্রুততম সময়ে সরবরাহের জন্য বিবিএস-এর মাঠ পর্যায়ে তথা সকল বিভাগ ও জেলা পর্যায়ে অফিস স্থাপন এবং উপজেলা পর্যায়ের অফিসসমূহকে শক্তিশালীকরণের লক্ষ্যে বিবিএস-এর সাংগঠনিক কাঠামো পরিবর্তনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বর্তমানে ৮টি বিভাগীয় শহরে বিভাগীয় অফিস এবং ৬৪ টি জেলায় জেলা অফিস স্থাপন করে চার স্তরবিশিষ্ট সাংগঠনিক কাঠামো গঠন করা হয়েছে।

## ৪. উপজেলা পরিসংখ্যান অফিস রামগঞ্জ, লক্ষ্মীপুর-এর জনবল (৩০ জুন ২০২৩ খ্রি. তারিখে):

| | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | আউটসোর্সিং | মোট |
|---|---|---|---|---|---|---|
| অনুমোদিত | ০১ | - | ০৩ | ০১ | - | ০৫ |
| কর্মরত | - | - | ০১ | ০১ | - | ০২ |

## ৫. উপজেলা পরিসংখ্যান অফিস রামগঞ্জ, লক্ষ্মীপুর-এর সাধারণ (General) কার্যাবলি:

- জনশুমারি, কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি, অর্থনৈতিক শুমারি ও বস্তি শুমারিসহ অন্যান্য শুমারি এবং সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়নের জন্য দেশের আর্থ-সামাজিক বিভিন্ন ক্ষেত্রে যাবতীয় জরিপ কার্যক্রমের তথ্য সংগ্রহ ও সার্বিক কার্যক্রমে অংশগ্রহণ;
- ভূমি ব্যবহারসহ ০৬টি প্রধান ফসল (আমন, আউশ, বোরো, পাট, গম, আলু) ও ১২৬টি অপ্রধান ফসলের (আম, কাঁঠাল, কলা ইত্যাদি) একর প্রতি উৎপাদন ও উৎপাদন-ব্যয় এবং ফসলাধীন জমির পরিমাণ প্রাক্কলন ও প্রেরণ;
- বন জরিপ, মৎস উৎপাদন সংক্রান্ত জরিপ, গবাদি পশু ও হাঁস-মুরগির হিসাব প্রাক্কলন এবং দাগগুচ্ছ জরিপের তথ্য সংগ্রহ ও প্রেরণ;
- শীতকালীন ও গ্রীষ্মকালীন ভুট্টা জরিপসহ মাসিক কৃষি মজুরীর তথ্য সংগ্রহ ও প্রেরণ;
- প্রাকৃতিক দুর্যোগের কারণে সৃষ্ট অস্থায়ী ফসলের (আমন, আউশ, বোরো, গম, আলু, পাট) ক্ষয়ক্ষতির তথ্য সংগ্রহ ও প্রেরণ;
- স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস)-এর তথ্য সংগ্রহ কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ;
- সরকারি পর্যায়ে উন্নয়নে পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা এবং অন্যান্য ব্যবহারকারীগণের চাহিদা অনুসারে দ্রুততার সাথে তথ্য প্রযুক্তিনির্ভর আধুনিক ও ব্যবহারবান্ধব পরিসংখ্যান সরবরাহকরণে সহায়তা;
- জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (National Strategy for the Development of Statistics) সময় সময় হালনাগাদকরণে সহায়তা;
- পরিসংখ্যান বিষয়ে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে স্থানীয় পর্যায়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ এবং পরিসংখ্যানের ভূমিকা ও কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ;

- পরিসংখ্যান কার্যক্রম সম্পাদনে আধুনিক তথ্য-প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ; যেকোন কর্তৃপক্ষ, পরামর্শ প্রদানকারী প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা এবং আন্তর্জাতিক সংস্থার সাথে পরিসংখ্যান বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় ও সহযোগিতা প্রদান;
- জাতীয় হিসাব প্রস্তুতকরণসহ অর্থনৈতিক, পরিবেশগত, সামাজিক ও জনমিতিক সংক্রান্ত নির্দেশক প্রণয়ন এবং প্রকাশে সহায়তাকরণ;
- জিও-কোড হালনাগাদকরণে সহায়তাকরণ;
- সমন্বিত সেন্ট্রাল জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম (Geographic Information System) প্রণয়নে সহায়তা প্রদান;
- পরিসংখ্যান সংক্রান্ত পরামর্শ, সেবা প্রদান ও সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য দায়িত্ব পালন;
- সময়ে সময়ে উপজেলা প্রশাসন কর্তৃক আরোপিত বিভিন্ন দায়িত্ব পালন।

## ৬. শুমারি ও জরিপ সংক্রান্ত কার্যক্রমে উপজেলা পরিসংখ্যান অফিস রামগঞ্জ, লক্ষ্মীপুর-এর ভূমিকা:

### (ক) জনশুমারি ও গৃহগণনা:

Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে দেশের প্রথম ডিজিটাল শুমারি "জনশুমারি ও গৃহগণনা ২০২২" গত ১৫-২১ জুন ২০২২ খ্রি. সারাদেশের ন্যায় লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ উপজেলাতেও সফলভাবে সম্পন্ন হয়েছে।

### (খ) অর্থনৈতিক শুমারি:

এ কার্যালয় অর্থনৈতিক শুমারি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্তে তথ্য সংগ্রহ ও অন্যান্য কার্যক্রমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে সার্বিক সহযোগিতা প্রদান করে থাকে। অতি শীঘ্র এ শুমারির জোনাল অপারেশন শুরু হওয়ার কথা রয়েছে।

### (গ) কৃষি শুমারি:

এ কার্যালয় কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত তথ্য সংগ্রহ ও অন্যান্য কার্যক্রমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে সার্বিক সহযোগিতা প্রদান করে থাকে। ২০১৯ সালে সর্বশেষ শুমারি অনুষ্ঠিত হয়।

### (ঘ) ভাইটাল স্ট্যাটিসটিকস:

বিবিএস ১৯৮০ সাল হতে স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম শীর্ষক জরিপ নিয়মিতভাবে পরিচালনা করে বার্ষিক প্রক্ষেপিত জনসংখ্যা, জন্মহার, মৃত্যুহার, শিশু মৃত্যুহার, মাতৃ মৃত্যুহার, প্রত্যাশিত গড় আয়ু,বিবাহ/তালাকের হার, আগমন-বহির্গমন হার, জন্ম নিরোধক ব্যবহার হার ও প্রতিবন্ধী হার ইত্যাদি তথ্য প্রকাশ করে থাকে। স্থানীয় রেজিস্টার ও সুপারভাইজারগণের মাধ্যমে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে তথ্য সংগ্রহ ও সুপারভিশন এবং প্রতিবেদন প্রেরণ করা হয়। রামগঞ্জ উপজেলায় ০৩টি পিএসইউ-এর স্থানীয় রেজিস্টার ও সুপারভাইজারগণের মাধ্যমে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে তথ্য সংগ্রহ ও সুপারভিশন এবং প্রতিবেদন প্রেরণ করা হয়।

### (ঙ) অন্যান্য শুমারি ও জরিপসমূহ:

এছাড়াও বিবিএস-এর রাজস্ব ও উন্নয়ন খাতের বাজেটের অর্থে নিয়মিতভাবে বিভিন্ন জরিপের মাধ্যমে পরিসংখ্যান প্রণয়ন করে থাকে। এসব কার্যক্রমে রামগঞ্জ উপজেলা কার্যালয় সার্বিক সহযোগিতা প্রদান করে থাকে। সর্বশেষ অনুষ্ঠিত আর্থসামাজিক ও জনমিতিক জরিপ-২০২৩ ও সফলভাবে সম্পন্ন করে কার্যালয়টি।

### প্রতিষ্ঠালগ্ন থেকে বিবিএস কর্তৃক পরিচালিত গুরুত্বপূর্ণ শুমারি ও জরিপসমূহ নিম্নরূপ:

| ক্রমিক | কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|
| ১ | জনশুমারি ও গৃহগণনা | ১৯৭৪ সাল থেকে ১০ বছর অন্তর মোট ৫ টি শুমারি পরিচালিত হয়েছে |
| ২ | অর্থনৈতিক শুমারি | ১৯৮৬ সাল থেকে মোট ৩ টি শুমারি পরিচালিত হয়েছে |
| ৩ | কৃষি শুমারি | ১৯৭৭ সাল থেকে মোট ৪ টি শুমারি পরিচালিত হয়েছে |
| ৪ | খানার আয় ব্যয় জরিপ | ১৯৭৩-৭৪ সাল থেকে মোট ১৫ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ৫ | শ্রমশক্তি জরিপ | ১৯৮০ সাল থেকে এ পর্যন্ত ১৩ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ৬ | স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সার্ভে | ১৯৮০ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ৭ | উৎপাদন শিল্প জরিপ | ১৯৭২ সাল থেকে ২৮ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ৮ | মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে | ১৯৯৩ সাল থেকে ১২ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ৯ | চাইল্ড নিউট্রিশন সার্ভে | ১৯৮৫-৮৬ সাল থেকে ৭ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ১০ | কৃষি দাগগুচ্ছ জরিপ | ১৯৭৪ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ১১ | ওয়েজ রেট সার্ভে | ১৯৭৪ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ১২ | মূল্য ও মজুরি পরিসংখ্যান | ১৯৭৪ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ১৩ | হেল্থ অ্যান্ড ডেমোগ্রাফিক সার্ভে | ১৯৮০ সাল থেকে ৫ টি জরিপ পরিচালিত হয়েছে |
| ১৪ | কৃষি ফসলের আয়তন ও উৎপাদন জরিপ | ১৯৭২ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে |
| ১৫ | পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ পরিসংখ্যান | ২০১৬ সাল থেকে জরিপ ও সেকেন্ডারি উৎস হতে তথ্য উপাত্ত সংগ্রহপূর্বক পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ পরিসংখ্যান প্রকাশ করা হচ্ছে |
| ১৬ | কৃষি শুমারি | ২০১৯ সালে সম্পন্ন হয়েছে |

### (চ) অংশীদারিত্বমূলক কার্যক্রম:

উপজেলা পরিসংখ্যান অফিস, রামগঞ্জ, লক্ষ্মীপুর জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান, বিশ্বের অন্যান্য দেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা এবং উন্নয়ন-সহযোগীর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে আসছে। বিবিএস জাতীয় সংস্হা যেমন: A2i, উপজেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, উপজেলা কৃষি অফিস, উপজেলা মৎস্য কার্যালয়, উপজেলা প্রাণিসম্পদ কার্যালয়, বন সংরক্ষের কার্যালয়, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়. উপজেলা সমাজসেবা কার্যালয়, LGED, RHD, এবং আন্তর্জাতিক সংস্থা যেমন: UNICEF, WHO, FAO, ICDDRB, World Bank, JICA, KOICA প্রভৃতির সাথে সমন্বয় ও গবেষণাধর্মী কাজে সহায়তা প্রদান করে।

## ৭. উপজেলা পরিসংখ্যান অফিস রামগঞ্জ, লক্ষ্মীপুর-এর সার্বিক সহযোগিতায় বিবিএস কর্তৃক প্রকাশিত উল্লেখযোগ্য রিপোর্টসমূহ:

- Time Use Survey (TUS) 2021-এর Preliminary Report
- Women and Man in Bangladesh: Facts & Figures 2022' শীর্ষক Report
- জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০২১-এর Preliminary Report
- ডিজিটাল জনশুমারি ও গৃহগণনা ২০২২-এর-এর প্রাথমিক প্রতিবেদন
- 'Survey on Childrens Education in Bangladesh 2021' কার্যক্রমের আওতায় Key Findings Report

- হোটেল ও রেস্টুরেন্ট জরিপ ২০২১-এর রিপোর্ট
- পাইকারি ও খুচরা ব্যবসায় প্রতিষ্ঠান জরিপ ২০২১-এর মূল রিপোর্ট
- জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০২১-এর রিপোর্ট

## ৮. ২০২২-২৩ অর্থবছরে উপজেলা পরিসংখ্যান অফিস রামগঞ্জ, লক্ষ্মীপুর কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ:

- "জনশুমারি ও গৃহগণনা ২০২২"-এর তথ্য সংগ্রহ , ডেটা ক্লিনিং, ডেটা রি-চেক ও অন্যান্য সার্বিক কার্যক্রমে এ কার্যালয় সার্বিক সহযোগিতা প্রদান করেছে।
- ভূমি ব্যবহারসহ ০৬টি প্রধান ফসল (আমন, আউশ, বোরো, পাট, গম, আলু) ও ১২৬টি অপ্রধান ফসলের (আম, কাঁঠাল, কলা ইত্যাদি) একর প্রতি উৎপাদন ও উৎপাদন-ব্যয় এবং ফসলাধীন জমির পরিমাণ প্রাক্কলন ও প্রেরণ করা হয়েছে।
- বন জরিপ, মৎস উৎপাদন সংক্রান্ত জরিপ, গবাদি পশু ও হাঁস-মুরগির হিসাব প্রাক্কলন এবং দাগগুচ্ছ জরিপের তথ্য সংগ্রহ ও প্রেরণ করা হয়েছে।
- শীতকালীন ও গ্রীষ্মকালীন ভুট্টা জরিপসহ মাসিক কৃষি মজুরীর তথ্য সংগ্রহ ও প্রেরণ করা হয়েছে।
- প্রাকৃতিক দুর্যোগের কারণে সৃষ্ট অস্থায়ী ফসলের (আমন, আউশ, বোরো, গম, আলু, পাট) ক্ষয়ক্ষতির তথ্য সংগ্রহ ও প্রেরণ করা হয়েছে।
- স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস)-এর তথ্য সংগ্রহ কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।
- Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে খানার আয় ব্যয় সংক্রান্ত জরিপ (HIES) ২০২১-২২-এর তথ্য সংগ্রহ সমাপ্ত হয়েছে। ২০ দিনে ০১ টি টার্ম হিসেবে মোট ১৮ টি টার্মে-এর জরিপ কার্যক্রমে তথ্য সংগ্রহ ও সুপারভিশন করা হযেছে।
- ভৌগোলিক অবস্থানভেদে শিল্প, পেশা এবং লিঙ্গ ভিত্তিক প্রাতিষ্ঠানিক ও অ-প্রাতিষ্ঠানিক কর্মসংস্থান, বেকারত্ব, শ্রম স্থানান্তর, মজুরি এবং কর্মঘন্টা সংক্রান্ত পরিসংখ্যান তৈরির লক্ষ্যে বিবিএস ও বিশ্বব্যাংকের যৌথ উদ্যোগে পরিচালিত "ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ" Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ উপজেলাতে তথ্য সংগ্রহ কার্যক্রম ও সুপারভিশন চলমান আছে।
- Consumer Price Index বা ভোক্তার মূল্য-সূচকসহ অন্যান্য মূল্যসূচক ও মুদ্রাস্ফীতির হার নির্ণয়ে তথ্য সংগ্রহ এবং প্রেরণ করা হয়েছে।
- Quantum Index of Industrial Production (QIIP)-এর মাধ্যমে প্রতিষ্ঠানের সক্ষমতা ও GDP-তে-এর অবদান নির্ণয়ে তথ্য সংগ্রহ এবং প্রেরণ করা হয়েছে।

## ৯.কর্মকর্তা/কর্মচারীদের পরিচিতি:

উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর

| ক্রমিক | ছবি | শিরোনাম | পদবি | ই-মেইল | মোবাইল |
|---|---|---|---|---|---|
| ০১ |  | গৌতম কৃষ্ণ পাল | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (অ.দা.) | lakshmipurdd@gmail.com, goutam401@yahoo.com, usoramganj@gmail.com | 01798-088552 |
| ০২ |  | মো. নূর নবী | পরিসংখ্যান তদন্তকারী | sibbsnurnobi@gmail.com | 01721-813078 |
| ০৩ |  | মোহাম্মদ হোসেন | চেইনম্যান | - | 01771-485129 |

## ১০. কর্মচারীদের দায়িত্ব:

| নাম ও পদবি | অর্পিত দায়িত্ব সমূহ | মন্তব্য |
|---|---|---|
| জনাব মো. নূর নবী<br>পরিসংখ্যান তদন্তকারী | ১। iBAS++ কার্যক্রমের তথ্য প্রেরণ সংক্রান্ত নথি ২। উপজেলা পরিসংখ্যান অফিসের বেতন ভাতা, বাজেট, বরাদ্দ ও আনুষঙ্গিক বিল সংক্রান্ত নথি । ০৩ অফিস ভাড়া সংক্রান্ত নথি ৪। বেতন বিল সংক্রান্ত নথি ৫। বেতন নির্ধারণী সংক্রান্ত নথি ০৬। শ্রান্তি /ইনক্রিমেন্ট সংক্রান্ত নথি ০৭। টাইম স্কেল সংক্রান্ত নথি ০৮। কর্মকর্তা/কর্মচারীদের কল্যাণ তহবিলের আবেদন নথি ০৯। EFT সংক্রান্ত নথি ১০। বরাদ্দ মঞ্জুরী/ব্যয়োত্তর ১১। প্রস্তাবিত ও সংশোধিত বাজেট নথি নথি ১২। 12 মাসের হিসাব ১৩। 3,6,9 মাসের হিসাব ১৪। অন্যান্য হিসাব ১১। জেলা অফিস ও উপজেলা অফিসের আসবাবপত্র ১৩। বিদ্যুৎ বিল পরিশোধ ও সংরক্ষণ নথি ১৪। বিদ্যুৎ সংক্রান্ত যোগাযোগ নথি ১৫। জিপিএফ অগ্রীম আবেদন পত্র নথি ১৬। জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প সংক্রান্ত নথি ১৭। অর্থনৈতিক শুমারি সংত্রান্ত নথি ১৮। জাতীয় শ্রম ও শিশু শ্রম জরিপ নথি ডেমোগ্রাফি সার্ভে নথি ১৯। হাউজ হোল্ড এক্সপেন্ডিচার সার্ভে নথি ২০। মনিটরিং দ্যা সিচুয়েশন অব চিলড্রেন এন্ড উইমেন সার্ভে করণ সংক্রান্ত নথি ২১। ওয়েবপোর্টাল, এপিএ, তথ্য অধিকার, ট্যাব বিতরণ, নির্বাচন সংক্রান্ত নথি সংক্রান্ত নথি ২২। কৃষি পরিসংখ্যান সংক্রান্ত নথিসমূহ, ২৩। কৃষি পরিসংখ্যান সংক্রান্ত ২৪। বিশ্ব পরিসংখ্যান দিবস নথি | |

| | | |
|---|---|---|
| | সম্পর্কিত নথি ২৫। ২৭ ফেব্রুয়ারী জাতীয় পরিসংখ্যান দিবস বিষয়ক নথি ২৬। National child Labour Survey-2021 সংক্রান্ত নথি ২৭। এসডিজি ২০৩০/ স্মার্ট বাংলাদেশ ২০৪১ বাস্তবায়ন ও কর্মপরিকল্পনা ২৮। HIES 2020-21 শীর্ষক প্রকল্পের পাইলটিং ২৯। জাতীয় দিবস উদযাপন সংক্রান্ত নথি ৩০। দারিদ্র পরিস্থিতি পরিবীক্ষণ জরিপ নথি ৩১। দারিদ্র্য পরিস্থিতি পরিমাপে র‍্যাপিড জরিপ ( আরএসপিএ) ২০২১ সংক্রান্ত নথি ৩২। ব্যক্তি ও খানা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ প্রকল্প সংক্রান্ত নথি ৩৩। পৌরসভা ও ইউনিয়ন পরিষদের বাজেট সংক্রান্ত ৩৪। অন্যান্য প্রশাসনিক দায়িত্ব ও উপজেলা প্রশাসন কর্তৃক সময়ে সময়ে অর্পিত দায়িত্ব পালন | |
| জনাব মোহাম্মদ হোসেন চেইনম্যান | ১। চাবি এবং অফিসের অন্যান্য মালামাল সংরক্ষণ সংক্রান্ত ২। নথি ডাক গ্রহণ ও বণ্টন ৩। ডাক প্রেরণ ও ডাক বিল ৪। ইস্যু রেজিস্টার ৫। ডাক টিকিটের হিসাব সংরক্ষণ কাজ ৬। দাগগুচ্ছ ও নমুনা শস্য কর্তন সংক্রান্ত দায়িত্ব পালন | |

## ১১. আইন ও বিধি:

| # | শিরোনাম |
|---|---|
| ১ | বিবিএস কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ |
| ২ | তথ্য অধিকার আইন ২০০৯ |
| ৩ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা নীতিমালা ২০১৬ |
| ৪ | পরিসংখ্যান আইন ২০১৩ |
| ৫ | পরিসংখ্যান বিধিমালা ২০১৪ |
| ৬ | জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র |
| ৭ | পরিসংখ্যান আইন ২০১৩ |

## ১২. নাগরিকের তথ্য অধিকার নিশ্চিত করিবার জন্য প্রদত্ত সুবিধাদির বিবরণ:

- অনলাইনে তথ্যের আবেদন ফরম;
- ওয়েবসাইটে বিভিন্ন প্রকাশনা আপলোড;
- অনলাইন ও অফলাইনে তথ্য গ্রহণের সুবিধা;
- রেজিস্টার অনুসরণ করে তথ্য প্রদান;

## ১৩. জাতীয় পরিসংখ্যান দিবস উদযাপন:

পরিসংখ্যান ব্যবস্থাকে প্রাতিষ্ঠানিক রূপদানের লক্ষ্যে ২০১৩ সালের ২৭ ফেব্রুয়ারি মহান জাতীয় সংসদে ‘পরিসংখ্যান আইন ২০১৩’ পাস হয়। পরিসংখ্যান আইন পাসের ফলে জাতীয় পরিসংখ্যান সংস্থা (NSO) হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) একটি সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়।-এরই ধারাবাহিকতায় ২৭ ফেব্রুয়ারি দেশব্যাপী “জাতীয় পরিসংখ্যান দিবস” যথাযথ মর্যাদায় পালন করা হয়। এদিন আলোচনা সভাসহ র‍্যালির আয়োজন করা হয়।

## ১৪. অভ্যন্তরীণ প্রশিক্ষণ:

উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর-এ কর্মরত কর্মচারীগণকে বিভিন্ন ফসলের তথ্য সংগ্রহ, কর্তন, প্রাক্কলন (কৃষি পরিসংখ্যান), মূল্য ও মজুরির তথ্য সংগ্রহ, আর্থিক, প্রশাসনিক, নৈতিকতা, শুদ্ধাচার, সুশাসন, তথ্য অধিকার ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

## ১৫. তথ্য প্রদানকারী কর্মকর্তা, বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা ও আপীল কর্মকর্তা:

### ১৫.১ তথ্য প্রদানকারী কর্মকর্তা:

| | | | | |
|---|---|---|---|---|
|  | নাম | মো. নূর নবী | ফোন (অফিস) | - |
| | পদবি | পরিসংখ্যান তদন্তকারী | ফোন (বাসা) | - |
| | অফিসের নাম | উপজেলা পরিসংখ্যান কার্যালয় রামগঞ্জ , লক্ষ্মীপুর | মোবাইল নং | 01721-813078 |
| | ই-মেইল | sibbsnurnobi@gmail.com, usoramganj@gmail.com | ফ্যাক্স | - |

### ১৫.২ বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা:

| | | | | |
|---|---|---|---|---|
|  | নাম | মো. জাকির হোসেন | ফোন (অফিস) | - |
| | পদবি | পরিসংখ্যান তদন্তকারী | ফোন (বাসা) | - |
| | অফিসের নাম | উপজেলা পরিসংখ্যান কার্যালয় রায়পুর , লক্ষ্মীপুর | মোবাইল নং | 01734206234 |
| | ই-মেইল | usoraipur@gmail.com | ফ্যাক্স | - |

### ১৫.৩ আপীল কর্মকর্তা:

| | | | | |
|---|---|---|---|---|
|  | নাম | গৌতম কৃষ্ণ পাল | ফোন (অফিস) | 02-337730040 |
| | পদবি | উপপরিচালক (ভারপ্রাপ্ত) | ফোন (বাসা) | - |
| | অফিসের নাম | জেলা পরিসংখ্যান কার্যালয়, লক্ষ্মীপুর | মোবাইল নং | 01798-088552 |
| | ই-মেইল | lakshmipurdd@gmail.com, goutam401@yahoo.com | ফ্যাক্স | - |

## ১৬. উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর-এর বিভিন্ন গুরুত্বপূর্ণ কার্যক্রমের কিছু আলোকচিত্র:




মেধাবী শিক্ষার্থীদের মাঝে জনশুমারি ও গৃহগণনা ২০২২-এর ট্যাবসমূহ বিতরণের শুভ উদ্বোধন করেন উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মো মনির হোসেন চৌধুরী ও উপজেলা নির্বাহী অফিসার মোছা. শারমিন ইসলাম




জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৩-এর আলোচনা স



জরিপ কার্যক্রমের তথ্য সংগ্রহ



শস্যের নমুনা কর্তন

**-সমাপ্ত-**